169

দৈনিক ইনকিলাব


তারিখ MAR. 11 1999
পৃষ্ঠা ২ কলাম ৫

# ইউকসু নির্বাচনে ছাত্রদল সংখ্যাগরিষ্ঠ আসনে জয়ী

**বুয়েট রিপোর্টার** ঃ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ইউকসু) নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল ভিপি ও এজিএসসহ সংখ্যাগরিষ্ঠ আসনে জয়লাভ করেছে। বিভিন্ন হল সংসদেও ছাত্রদল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। গতকাল (বুধবার) দীর্ঘ দু'বছর পর ইউকসু নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ছাত্রদল মনোনীত হাসিব-তুষার-পিটার পরিষদ কেন্দ্রীয় সংসদের সাতটি আসনের মধ্যে পাঁচটিতে জয়লাভ করেছে।

কেমিকৌশল বিভাগের শেষ বর্ষের ছাত্র হাসিব সাইদ আহমদ চৌধুরী ভিপি এবং

১৫-এর পৃঃ ১-এর কঃ দেখুন



*ভিপি হাসিব সাইদ আহমদ চৌধুরী*



*জিএস মোহাম্মদ মোহসিউল ইসলাম (আদনান)*

## ইউকসু নির্বাচন

**প্রথম পৃষ্ঠার পর**

ধাতব কৌশল বিভাগের ছাত্র মোজাম্মেল হক (পিটার) এজিএস পদে বিপুল ভোটে নির্বাচিত হয়েছেন। ছাত্র লীগ জিএসসহ দু'টি আসনে জয়ী হয়েছে। ছাত্র লীগের পদপ্রার্থী পুরকৌশল বিভাগের শেষ বর্ষের ছাত্র মোহাম্মদ মোহসিউল ইসলাম (আদনান) জিএস নির্বাচিত হয়েছেন। অন্যান্য পদে নির্বাচিতরা হলেন— মোঃ মারুফ হোসেন বার্ষিকী সম্পাদক, মোঃ আনোয়ারুল আলম আখন্দ (বিপুল) সাহিত্য সম্পাদক, মোঃ গোলাম মোর্শেদ (লায়ন) আপ্যায়ন সম্পাদক এবং সাইদুর রহমান (বাপ্পী) অন্তঃক্রীড়া সম্পাদক। বিভিন্ন হল সংসদে জাতীয়তাবাদী ছাত্রদল সংখ্যাগরিষ্ঠ আসনে জয়ী হয়েছে। তিতুমীর হলে জিএসসহ ৯টি আসনে ছাত্রদল এবং ভিপিসহ ৩টিতে ছাত্র লীগ, আসহানউল্লাহ হলে ভিপি, জিএসসহ ১০টি আসনে ছাত্রদল এবং ২টিতে ছাত্র লীগ, রশীদ হলে জিএসসহ ৮টি আসনে ছাত্রদল এবং ৪টিতে ছাত্র লীগ, সোহরাওয়ার্দী হলে ১০টিতে ছাত্রদল এবং ২টিতে ছাত্র লীগ, শেরেবাংলা হলে ১০টিতে ছাত্রদল এবং ২টি ছাত্র লীগ, নজরুল ইসলাম হলে ৪টিতে ছাত্রদল এবং ভিপিসহ ৮টিতে ছাত্র লীগ জয়ী হয়েছে।

এদিকে ছাত্রদল নির্বাচনের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছে। ষড়যন্ত্রমূলকভাবে বৃহত্তর বিজয় থেকে ছাত্রদলকে বঞ্চিত করা হয়েছে বলে ছাত্রদল অভিযোগ এনেছে। গতকাল (বুধবার) ভোট গণনা শেষ হলে ছাত্রদল প্রতিবাদ মিছিলের আয়োজন করে। ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি হাবিব-উন নবী সোহেল সাংবাদিকদের বলেন, ছাত্রদল সংখ্যাগরিষ্ঠ আসনে জয়ী হলেও বৃহত্তর বিজয় থেকে আমাদের বঞ্চিত করায় আমরা ক্ষুব্ধ। তিনি অনাবাসিক ছাত্রদের আনার জন্য বুয়েট বাস বিলম্বে প্রেরণ, সরকারী কর্মচারী ছাত্রদের ভোট প্রদানে বিরত থাকার নির্দেশ প্রদান এবং ৩টি হলে পোলিং এজেন্টদের আপত্তিতে ভোট পুনঃগণনা না করে লটারির মাধ্যমে ছাত্র লীগ প্রার্থীকে জয়ী করার তীব্র সমালোচনা করেছেন। ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর-এ-ইলাহী বলেন, ছাত্র-ছাত্রীদেরকে তাদের ভোট প্রদানের পবিত্র অধিকার থেকে বঞ্চিত করা হয়েছে। ছাত্রদল আজ (বৃহস্পতিবার) ক্যাম্পাসে বিক্ষোভ মিছিলের [illegible] করেছে। তারা ভিসি এবং ছাত্র পরিচালকের কাছে